

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০০

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭

১৪ অক্টোবর ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

১৪ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, ঢাকা, মাদারীপুর, ফরিদপুর, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/বাড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর সতর্কতা সংকেত (পুনঃ) ১ নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে।

১৪ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থা: পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি ভারতের উত্তর অন্ধ্র উপকূল অতিক্রম করেছে এবং দুর্বল হয়ে বর্তমানে ভারতের তেলেঙ্গানায় নিম্নচাপ হিসাবে অবস্থান করছে। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমে দুর্বল হতে পারে। মৌসুমি বায়ুর অক্ষ বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে তা দুর্বল থেকে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাস: রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.০	৩৫.৫	৩৬.৫	৩৬.১	৩৬.০	৩৬.১	৩৬.০	৩৫.৯
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৪	২৬.৮	২৪.৩	২৪.৫	২৫.৮	২২.৫	২৬.০	২৬.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৬.৫° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২২.৫ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

### এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- দেশের সকল প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
বৃদ্ধি	১৭	বিপদসীমার উপরে নদীর সংখ্যা	০০
হ্রাস	৮৩	বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা	০০
অপরিবর্তিত	০১	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী): নেই।

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

### বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) : নেই।

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
-	-	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১২ অক্টোবর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৩ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	১৩	০	০

## ট্রলার ডুবি

১। শরীয়তপুরঃ জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৮৬০০.০১৬.৪০.০১০.২০(অংশ-১).৭৫৭; তারিখঃ ১৩/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ১২/১০/২০২০ খ্রিঃ তারিখে জাজিরা হতে বিভিন্ন বয়সের আনুমানিক ২৫/৩০ জন যাত্রী নিয়ে একটি ট্রলার সুরেশ্বর মাজারের উদ্দেশ্যে রওনা হয়। অতঃপর বেলা আনুমানিক ১২.৩০ ঘটিকার সময় সুরেশ্বর মাজার-ঘাট সংলগ্ন স্থানে পদ্মার প্রবল স্রোতে ট্রলারটি ডুবে যায়। স্থানীয় লোকজনের সহায়তায় ট্রলারে থাকা সকল যাত্রী উঠতে পারলেও নিশি (৫), পিতা- জামাল মাদবর, সাং- খোরশেদ সিকদার কান্দি, উপজেলা- জাজিরা, জেলা- শরীয়তপুর নামক একজন শিশু পানিতে ডুবে নিখোঁজ হয়। নড়িয়া থানা পুলিশ, নৌ-পুলিশ এবং ফায়ার সার্ভিসের ডুবুরীগণ নিখোঁজ শিশুকে উদ্ধারের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।



১৪-১০-২০২০

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০০/১(১৬৬)

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭  
১৪ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



১৪-১০-২০২০

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা